

সতর্কতা

- জীবাণুমুক্ত করার সময় নিরাপত্তামূলক মাস্ক ব্যবহার করুন
- চোখ/ত্বকের সরাসরি সংস্পর্শ এড়িয়ে চলুন
- শ্বাস/গ্রাসের দ্বারা নির্মূল দ্রবণ যেন শরীরে না যায়
- পর্যাপ্ত বায়ুচলাচল যুক্ত জায়গায় নির্মূল দ্রবণ তৈরী করুন
- নির্মূল শিশুদের নাগালের বাইরে রাখুন

সেল্ফ জীবন

- ❖ এক বছর (উৎপাদনের দিন থেকে)

নির্মূল: উপকারিতা

- ✓ পলুপোকার প্রধান রোগ সৃষ্টিকারী সমস্ত রকমের জীবাণু বিরুদ্ধে কার্যকরী
- ✓ সাশ্রয়ী, পরিবেশ ও ব্যবহারকারী বান্ধব
- ✓ সহজে জলে দ্রবনীয় এবং উচ্চ স্থিতিশীলতা সম্পন্ন
- ✓ জীবাণুনাশক প্রস্তুত করার দ্রুত এবং সহজ পদ্ধতি
- ✓ নন-ক্লোরিন এবং ফর্মালডিহাইড ভিত্তিক পণ্য
- ✓ অ-ক্ষয়কারী এবং গন্ধহীন

জীবাণুমুক্ত করার জন্য আনুমানিক ব্যয়
১২০ টাকা (১০০ রোগ মুক্ত ডিম অথবা ৪০০ বর্গ ফুট)
আয় ব্যয়ের অনুপাত = ৬.৮ : ১

কে. রাহুল, এম. রাভা এবং ভী. শিবপ্রসাদ

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন

অধিকর্তা, কে.রে.অ.ও.প্র.প্র., বহরমপুর – ৭৪২ ১০১, পশ্চিমবঙ্গ
দূরভাষ: ০৩৪৮২-২২৪৭১৩, ইপিএবিএক্স: ২২৪৭১৬/১৭/১৮
ফ্যাক্স: ০৩৪৮২-২২৪৭১৪/২২৪৮৯০
ইমেল: csrtiber@gmail.com; csrtiber.csb@nic.in
www.csrtiber.res.in



East North East Silk CSRTIBerhampore



নির্মূল



রেশম চাষের জন্য পরিবেশ
ও ব্যবহারকারী বান্ধব
সাধারণ জীবাণুনাশক



পণ্য পেটেন্টের জন্য দাখিল করা হয়েছে

কে.রে.অ.ও.প্র.প্র. - বহরমপুর

কেন্দ্রীয় রেশম অনুসন্ধান এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড, বস্ত্র মন্ত্রালয়

কে.রে.অ.ও.প্র.প্র.

কেন্দ্রীয় রেশম অনুসন্ধান এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড, বস্ত্র মন্ত্রালয়, ভারত সরকার
বহরমপুর – ৭৪২ ১০১, পশ্চিমবঙ্গ

নির্মূল

রেশম চাষের জন্য পরিবেশ
ও ব্যবহারকারী বান্ধব
সাধারণ জীবাণুনাশক


পলুপোকার রোগ

- ভাইরাস, ব্যাকটেরিয়া, ছত্রাক এবং মাইক্রোস্পরিডিয়ার কারণে পলুপোকার রোগ হয় (রসা, কালশিরা, চূনাকার্ঠি এবং পেরিন)
- প্রতি ১০০ জীবাণুমুক্ত ডিমের ক্ষেত্রে ফসলের আনুমানিক ক্ষতি ১০-১৫ কেজি
- প্রতিকূল মরশুমে রোগের প্রবণতা বেশি (জৈষ্ঠা, শ্রাবণী, ভাদুড়ি ও আশ্বিনা)

নির্মূল ব্যবহার করে জীবাণুমুক্তকরণ

বর্তমানে পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে রেশম চাষীরা পলুপালন ঘর ও পলুপালনের সরঞ্জামগুলি জীবাণুমুক্ত করার জন্য ৫% ব্লিচিং পাউডার দ্রবণ বা ৫০০ পিপিএম ক্লোরিন ডাই অক্সাইড ব্যবহার করেন। এছাড়াও, "ঘর শোধন" নামক একটি গৃহ ধুমায়িত জীবাণুনাশকের সীমিত ব্যবহার করা হয়। এই তরল স্প্রে জীবাণুনাশকগুলির অধিকাংশই ক্লোরিন-ভিত্তিক, পরিবেশ বান্ধব নয় এবং ক্ষয়কারী হওয়ায় অসুবিধা জনক। কেরেঅওপ্র-বহরমপুর সম্প্রতি পলুপালন ঘর ও পলুপালনের যন্ত্রাংশ জীবাণুমুক্ত করার জন্য সক্রিয় অক্সিডেটিভ উপাদানযুক্ত একটি কার্যকর পরিবেশ ও ব্যবহারকারী বান্ধব জীবাণুনাশক "নির্মূল" উদ্ভাবন করেছে। পলুপোকার প্রধান রোগ সৃষ্টিকারী সমস্ত জীবাণুগুলি "নির্মূল" দ্বারা নিষ্ক্রিয় হয়।

নির্মূল দ্বারা পলুপোকার জীবাণুগুলির নিষ্ক্রিয়করণ



নির্মূল জীবাণুনাশক দ্রবণ প্রস্তুতি

- একটি পাত্রে ১০০ লিটার জল নিন
- ২ কে.জি. নির্মূল পাউডার জলে মেশান
- নির্মূল জীবাণুনাশক দ্রবণ প্রস্তুত করার জন্য ভালভাবে মেশান
- স্প্রেয়ার দিয়ে পলুপালন ঘর ও পলুপালনের সরঞ্জামগুলি ভাল করে ভেজান
- নির্মূল দিয়ে জীবাণুমুক্ত করার পরে স্প্রেয়ার ভালভাবে পরিষ্কার করুন



নির্মূলের প্রয়োজনীয়তা

- ✓ জীবাণুনাশক নির্মূল দ্রবণ প্রয়োজন = প্রতি বর্গমিটার মেঝের জন্য ১.৫ লিটার বা প্রতি বর্গফুটের জন্য ১৪০ মিলি (ঘরের উচ্চতা ৩ মি / ১০ ফুট) বা প্রতি ১০০ জীবাণুমুক্ত ডিমের জন্য ১০০ লিটার
- ✓ পলুপালন ঘরের চারিপাশ জীবাণুমুক্ত করার জন্য অতিরিক্ত ১০% পরিমাণ নির্মূল প্রয়োজন
- ✓ পলুপালন ঘরের উচ্চতা প্রতি মিটার / ফুট বৃদ্ধির জন্য ৫০০ মিলি / বর্গমিটার বা ১৪ মিলি / বর্গফুট অতিরিক্ত পরিমাণ নির্মূল প্রয়োজন

অন্যান্য রোগ প্রতিরোধ ব্যবস্থা

- ✓ পর্যায়ক্রমে পলুপালন ঘরের চারপাশ জীবাণুমুক্তকরণ
- ✓ ব্যক্তিগত ও পলুপালন স্বাস্থ্যবিধি অভ্যাস করুন
- ✓ পলুর বেড জীবাণুনাশক (ল্যাবেক্স / সেরিসিলিন) প্রয়োগ করুন
- ✓ সর্বোত্তম তাপমাত্রা এবং আর্দ্রতায় পলুপোকা পালন করুন
- ✓ বড় পলু পালনের সময় পলুর বৃদ্ধির জন্য পর্যাপ্ত জায়গা দিন (১০০ জীবাণু মুক্ত ডিমের জন্য ৭০০-৮০০ বর্গফুট)
- ✓ পুষ্টিকর তুঁত পাতা খাওয়ান